গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধর্মপাশা,সুনামগঞ্জ।
www.dharmapasha.sunamganj.gov.bd

## নৌকাঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ০১/২০২৪

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,ধর্মপাশা উপজেলাধীন নিম্ন বর্ণিত নৌকাঘাট সমূহ ১৪৩১ বঙ্গাব্দের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্তে ক্রয় ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্ন বর্ণিত শর্তে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। প্রত্যহ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অন্যান্য নিয়ম ও শর্তাবলী জানা যাবে। দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.dharmapasha.sunamganj.gov.bd তে পাওয়া যাবে।

### ১৪৩১ বঙ্গাব্দে ইজারাযোগ্য নৌকা ঘাটের তালিকাঃ

| উপজেলা | নৌকাঘাটের নাম | পূর্ববর্তী বছরের ইজারামূল্য | বিগত ৩ বছরের গড়মূল্য | সম্ভাব্য সরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ধর্মপাশা | ধর্মপাশা বাজার নৌকাঘাট | ১,৩৯,৫০০/- | ৭১,৫০০/- | ৭৮,৬৫০/- | ৫০০/- | |
| | জয়শ্রী বাজার নৌকাঘাট | ৪,৭৯,৫০০/- | ৩,৪১,৯৪৯/- | ৩,৭৬,১৪৪/- | ১,৪০০/- | |
| | গোলকপুর বাজার নৌকাঘাট | ৯২,০০০/- | ৯২,৬৬৭/- | ১,০১,৯৩৪/- | ১,০০০/- | |
| | বাদশাগঞ্জ বাজার নৌকাঘাট | ৫২,০০০/- | ২৭,২৩০/- | ২৯,৯৫৩/- | ৫০০/- | |

### ইজারা সংক্রান্ত দিন দিনপঞ্জিকা ঃ

(ইজারা চূড়ান্ত না হওয়া পর্যন্ত কার্যক্রম পর্যায়ক্রমে চলবে এবং নিম্নবর্ণিত পঞ্জিকায় কোন ধার্য তারিখ সরকারী বন্ধ হলে তা পরবর্তী কর্মদিবসে সম্পন্ন করা হবে)।

| পর্যায় | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিসচলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত) | দরপত্র খোলার তারিখ ও সময় (বেলা ১.০০ ঘটিকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৯/০২/২০২৪খ্রি. | ২০/০২/২০২৪খ্রি. | ২০/০২/২০২৪খ্রি. | |
| ২য় পর্যায় | ১২/০৩/২০২৪খ্রি. | ১৩/০৩/২০২৪খ্রি. | ১৩/০৩/২০২৪খ্রি. | |
| ৩য় পর্যায় | ২৩/০৪/২০২৪খ্রি. | ২৪/০৪/২০২৪খ্রি. | ২৪/০৪/২০২৪খ্রি. | |
| ৪র্থ পর্যায় | ১৩/০৫/২০২৪খ্রি. | ১৪/০৫/২০২৪খ্রি. | ১৪/০৫/২০২৪খ্রি. | |
| ৫ম পর্যায় | ১০/০৬/২০২৪খ্রি. | ১১/০৬/২০২৪খ্রি. | ১১/০৬/২০২৪খ্রি. | |

### দরপত্র দাখিলের শর্তবলী

১। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ২৫% অর্থ জামানত হিসেবে যে কোন তপশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ এর অনুকুলে জমা দিতে হবে।

২। প্রতিটি নৌকাঘাটের জন্য পৃথকভাবে সীলগালা যুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে এবং খামের উপরে দরপত্র দাতার নাম, ঠিকানা এবং নৌকাঘাটের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৩। দরপত্রের নির্দিষ্ট কলামে দরপত্র দাতার নাম, ঠিকানা ও স্বাক্ষর থাকতে হবে। কোন স্বাক্ষর জাল প্রমানিত হলে সংশিষ্ট ব্যাক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

৪। দরপত্র অনুমোদিত হলে দরপত্র দাতাকে অবহিত করণের ০৭ (সাত) দিনের মধ্যে জামানত বাদে অবশিষ্ট ৭৫% ইজারা মূল্য ও ১৫% ভ্যাট এবং ১০% আয়কর পরিশোধ করতে হবে।

৫। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে ইজারাদারকে নিজ দায়িত্বে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ইজারাদারের গাফিলতির কারনে দখল নিতে বিলম্ব হলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৬। দাখিলকৃত দরপত্রগুলোর (একের অধিক) দরপত্রের উদ্বৃত মূল্য সমান হলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

৭। যে সকল নৌকাঘাটের উপর বিজ্ঞ আদালত/উর্ধ্বতন কর্তৃপক্ষের/স্থিতাবস্থা/স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল নৌকাঘাটের জন্য এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না। তবে উর্ধ্বতন কতৃপক্ষের অথবা বিজ্ঞ আদালতে সংশ্লিষ্ট নৌকাঘাটের মামলা মোকদ্দমা অথবা স্থিতাবস্থা/স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহার সাপেক্ষে/ প্রত্যাহার হলে নৌকাঘাট ইজারার ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত নৌকাঘাটটি অন্য কারো নিকট উপ-পত্তন (সাব লীজ) দিতে পারবেনা। যদি অনুরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

৯। কালেক্টর কর্তৃক অনুমোদিত টোল রেইট সংশিষ্ট নৌকাঘাটের ইজারাদার কর্তৃক টাঙ্গিয়ে রাখতে হবে এবং নির্ধারিত হার অনুযায়ী টোল আদায় করতে হবে। অন্যথায় ইজারা বাতিল করা হবে।

১০। কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না। অসম্পূর্ণ /ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না।

১২। বর্ণিত শর্তাদি ছাড়াও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সর্বশেষ জারিকৃত নৌকাঘাট ইজারা সংক্রান্ত ইজারা বর্ণিত বিধিবিধান কার্যকর হবে।

১৩। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/ বাতিল এর ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। এতদসংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।
email:unodharmapasha@gmail.com

স্মারক নং- ০৫.৪৬.৯০৩২.০০৮.০৩.০২৪.২৪-৪৬/১ তারিখ- ১৮ জানুয়ারি, ২০২৪ খ্রি.।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-১।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব)/(সার্বিক), সুনামগঞ্জ।

অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

৯। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)..............................................,.. সুনামগঞ্জ।
১০। সহকারী কমিশনার (ভূমি), (সকল)..............................................,. সুনামগঞ্জ।
১১। উপজেলা .......................................... কর্মকর্তা, (সকল)/,ধর্মপাশা, সুনামগঞ্জ।
১২। অফিসার-ইন-চার্জ, ধর্মপাশা থানা,জেলা-সুনামগঞ্জ।
১৩। সহকারী প্রোগ্রামার,ধর্মপাশা, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪। চেয়ারম্যান................................................... ইউপি (সকল), ধর্মপাশা, সুনামগঞ্জ।
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ধর্মপাশা, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১৬। সাব-রেজিস্ট্রার, বাদশাগঞ্জ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১৭। পোষ্ট মাষ্টার, ধর্মপাশা, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১৮। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, ধর্মপাশা/বাদশাগঞ্জ/জয়শ্রী, ইউনিয়ন ভূমি অফিস, ধর্মপাশা, সুনামগঞ্জ। স্থানীয় হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১৯। জনাব....................পিতা..........................সাং.......................পোঃ..............................ধর্মপাশা,সুনামগঞ্জ।
২০। এ কার্যালয়ের নোটিশ বোর্ড ।
২১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।